গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৫-৫৪১ তারিখঃ ২২-০৮-২০১৬।

**সভার নোটিশ**

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভূক্ত কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর জুলাই,২০১৬ পর্যন্ত সময়ে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আগামী ২৯-০৮-২০১৬ তারিখ ( সোম বার) সকাল ৯.৩০ ঘটিকায় কৃষি বিপণন অধিদপ্তরের সম্মোলন কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক, জনাব মোঃ মাহবুব আহমেদ।

২। সভায় আলোচ্য সূচীঃ

২.১) ২৬-৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প/কর্মসূচীর অগ্রগতি ( জুন, ২০১৬) পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

২.২) ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীর (জুলাই, ২০১৬) পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

২.৩) ২৬-০৭-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা।

২.৪) বিবিধ।

৩। প্রকল্প বাস্তবায়নের হালনাগাদ, পরিস্থিতি, সমস্যা এবং তা নিরসন সম্পর্কিত প্রস্তাবসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও প্রকল্প/কর্মসূচী পরিচালকদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২৯-০৮-২০১৬ তারিখ সভার কার্যপত্র।


(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov.bd


**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। উপ-পরিচালক (আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক (বাজার তথ্য), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। উপ- পরিচালক ( পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।
৬। উপ পরিচালক(শগঋপ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৭। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
৮। প্রকল্প পরিচালক (অঃ দাঃ), সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৯। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
১০। কর্মসূচী পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
১১। সহকারী পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
১২। বাজার কর্মকর্তা (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
২। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(সভায় আগত অতিথীদের আপ্যায়নের ব্যবস্থাসহ)
৩। সহকারী পরিচালক (প্রশিক্ষন ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা (ওয়েব সাইড-এ প্রকাশের অনুরোধসহ)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।
(www.dam.gov.bd)

**বিষয়ঃ আগষ্ট ২০১৬ মাসে অনুষ্ঠিতব্য কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের অগ্রগতি পর্যালোচনা (জুলাই-২০১৬ পর্যন্ত) সভার কার্যপত্র।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | সকাল ০৯:৩০ ঘটিকা। |
| তারিখ | : | ২৯ আগষ্ট, ২০১৬ খ্রিঃ। |

**০১। আলোচ্য সূচী-১:** ২৬/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত প্রকল্প ও কর্মসূচী'র পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

২৬ জুলাই/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ১১/০৮/২০১৬ তারিখে সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করা হয়েছে। বিতরণকৃত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। সভার কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে।

**০২। আলোচ্য সূচী-২:** ২০১৬-১৭ অর্থ বছরের অধিদপ্তরের আওতায় এডিপিভুক্ত প্রকল্প ও কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ

২.১: ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দ, অবমুক্তি ও অগ্রগতি (জুলাই, ২০১৬ পর্যন্ত):

(লক্ষ টাকা)

| ক্রঃ নং | প্রকল্প/ কর্মসূচীর নাম ও বাস্তবায়ন কাল | ডিপিপিতে মোট প্রক্কলিত ব্যয় | ২০১৬-১৭ সালের এডিপি বরাদ্দ | | অবমুক্তি (বরাদ্দে %) | ২০১৫-১৬ সালের বরাদ্দের বিপরীতে জুন/২০১৬ইং মাস পর্যন্ত অগ্রগতি | ২০১৬-১৭ সালের বরাদ্দের বিপরীতে জুলাই/২০১৬ইং মাস পর্যন্ত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মোট | জিওবি | | আর্থিক (%) | আর্থিক (%) | ভৌত | |
| | *প্রকল্প* | | | | | | | | |
| (ক) | মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (ডিএএম অংগ) ০১/০৭/২০১১ হতে ৩০/০৬/২০১৭ | ৯৬৫.০০ | ১১৮.০০ | ১১৮.০০ (-) | ০০ | ৮১.৩০ (৯৯.১৫%) | - | - | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| (খ) | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ) ০১/০৭/২০১২ হতে ০/০৬/২০১৭ | ১,০০৯.০০ | ২৮৫.০০ | ২৮৫.০০ (-) | ৭১.২৫ (২৫%) | ৩৭৭.৭৫ (৯৮.৬৩%) | ৪.০৯ (১.৪৪%)- | ০৫% | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| (গ) | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ) ০১/০৩/২০১৫ হতে ৩০/০৬/২০২০ | ১,৩৭৮.০০ | ৩৩৪.০০ | ৩৩৪.০০ (-) | ৮৩.৫০ (২৫%) | ৮৪.৮৮ (৯৯.৮৬%) | ৫.৮২ (১.৭৪%) | ১০% | বর্তমান অবস্থা সম্পর্কে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | ***প্রকল্প মোটঃ*** | **৩,৩৫২.০০** | **৭৩৭.০০** | **৭৩৭.০০ (-)** | **১৫৪.৭৫ (২১%)** | **৫৪৩.৯৩ (৯৮.৯০%)** | **৯.৯১ (১.৩৪%)** | | |
| | **কর্মসূচী** | | | | | | | | |
| (ঘ) | বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ১০০.০০ | ২৩.০০ | ২৩.০০ | ০০ | ১৭.৫৮ | ০০ | - | কর্মসূচীর কার্যক্রম বিষয়ে কর্মসূচী পরিচালক সভাকে অবহিত করতে পারেন। |
| | **কর্মসূচী মোটঃ** | ১০০.০০ | ২৩.০০ | ২৩.০০ | ০০ | ১৭.৫৮ | ০০ | - | |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.২.২.** অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত সবুজ পাতায় প্রকল্প ভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় উপ-পরিচালকগণ বিভাগীয় সমন্বয় সভায় ডিএমও/ ডিএমআইগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন | সকল বিভাগীয় উপ-পরিচালক | সংশ্লিষ্ট বিষয়ে ০২ মে, ২০১৬ তারিখের ৫১৩ নং স্মারক ও ০৩ আগষ্ট ২০১৬ তারিখের ৯২৮ নং স্মারকে তাগিদ দেয়া হয়েছে মর্মে খুলনা বিভাগীয় উপ-পরিচালক জানিয়েছেন। শুধুমাত্র খুলনা জেলার প্রস্তাবিত ডুমুরিয়া উপজেলায় খাস জমি রয়েছে। যাহা যাচাই বাছাইয়ের পর পূর্ণাঙ্গ প্রতিবেদন পাওয়া যাবে। সাতক্ষীরা এবং পিরোজপুর জেলায় সরকারী খাস জমি যাচাই বাছাইয়ের নিমিত্তে জেলা প্রশাসন হতে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অন্যান্য বিভাগ ও জেলা হতে এ বিষয়ে প্রতিবেদন পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৩.২.৩:** মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক নতুন ও পুরাতন ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বর্ষা মৌসুমে বাগান করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক | সম্প্রতি নির্মিত খুলনা ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বাগান তৈরী করার জন্য ইতোমধ্যে মাটি খননের কাজ শেষ হয়েছে। অতি বর্ষনের জন্য আপাতত চারা গাছ লাগানো সম্ভব হচ্ছে না।। যশোর পুরাতন ট্রেনিং সেন্টারের খোলা জায়গায় বাগান তৈরীর নির্দেশনা দেয়া হয়েছে মর্মে খুলনা বিভাগীয় উপ-পরিচালক জানিয়েছেন |
| | | **সিদ্ধান্ত-৩.২.৪:** সংশোধিত নির্দেশিকা অনুযায়ী অধিদপ্তরের সকল ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক | সংশোধিত নির্দেশিকা অনুযায়ী ট্রেনিং সেন্টারের ভাড়া ও সার্ভিস চার্জ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সকল বিভাগীয় উপ-পরিচালকগণ জানিয়েছেন। |
| ০২ | **মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প** (ডিএএম অংগ) | **সিদ্ধান্ত-৩.৩.১:** প্রকল্পের আওতায় সংস্কারকৃত শস্য গুদাম ঋণ কার্যক্রম দ্রুত চালু করার নিমিত্ত কৃষক বিপণন দল গঠন ও স্থানীয় ব্যাংকের সাথে লিংকেজ স্থাপনের মাধ্যমে ব্যংক ঋণ অনুমোদনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার গাড়াগঞ্জে ইতোমধ্যে কৃষক বিপণন দল, গুদাম পরিচালনা কমিটি ও গুদাম উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ব্যাংক ঋণের বিষয়ে স্থানীয় সোনালী ব্যাংকের সাথে গুদাম পরিচালনা কমিটির সদস্যদের মতবিনিময় করানো হয়েছে। শস্য জমা রাখার বিপরীতে ব্যাংক ঋণের আবেদন করলে ঋণ প্রদানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে ব্যাংক কর্তৃক জানানো হয়েছে । |
| | | **সিদ্ধান্ত-৩.৩.২:** মেরামত ও সংস্কারকৃত শস্যগুদামের উদ্বোধন কার্যক্রম স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে দিয়ে সম্পন্ন করার | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলাধীন গাড়াগঞ্জ বাজারটি উমেদপুর ইউনিয়ন পরিষদের অন্তর্ভুক্ত। ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | মাধ্যমে শস্য গুদাম ঋণ কার্যক্রম শুরু করতে হবে এবং উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | | চেয়ারম্যান শপথ গ্রহণ করেছেন। ঈদ-উল-আজহার পরে শস্যগুদাম ঋণ কার্যক্রম উদ্বোধন করবেন । উদ্বোধনের সময় গুদামে ফলক স্থাপন করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৩:** স্ট্রিয়ারীং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি করায় ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম শুরু করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | প্রকল্পের স্ট্রিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদকাল ০১ বছর বৃদ্ধি করায় ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যক্রম ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৪:** প্রকল্পের অধীনে নির্মিত ট্রেনিং সেন্টারে Packaging, Sorting, Grading ইত্যাদি'র জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং স্থায়ীভাবে প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক এমআইএডিপি (ডিএএম অংগ) | প্রকল্পের অধীনে নির্মিত ট্রেনিং সেন্টারে Packaging, Sorting, Grading ইত্যাদি সম্পর্কিত প্রশিক্ষণ ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। ভবিষ্যতে স্থায়ীভাবে প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৩.৫:** আগামী ৩০ আগষ্টের মধ্যে যাবতীয় টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি (ডিএএম অংগ) | আগামী ৩০ আগষ্টের মধ্যে যাবতীয় টেন্ডার কার্যক্রম সম্পন্ন করা হবে এবং আসবাবপত্র সংগ্রহের লক্ষ্যে ইতোমধ্যে ১১-০৮-২০১৬ ইং তারিখে দৈনিক জনকন্ঠ ও নিউজ টুডে পত্রিকা দুটিতে বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে। |
| ০৩। | **পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (ডিএএম অংগ)** | **সিদ্ধান্ত-৩.৪.১:** ২০১৫-১৬ অর্থবছরে নির্মিত এসেম্বল সেন্টারের অসমাপ্ত নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | এসেম্বল সেন্টারের নির্মাণ কাজের পূর্ণাঙ্গ প্রতিবেদন সভায় উপস্থাপন করা হবে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.২:** ২০১৬-১৭ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | ২০১৬-১৭ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ, মোটিভেশনাল ট্যুর, ওয়ার্কশপ ও অন্যান্য কাজ যথারীতি শুরু করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.৩:** ২০১৬-১৭ অর্থবছরে নির্মিতব্য এসেম্বল সেন্টার নির্মাণের ক্ষেত্রে ভান্ডারিয়া ও নাজিরপুরে সাইট সিলেক্ট করে আগষ্ট/২০১৬ মাসের মধ্যে MOU স্বাক্ষর করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | এসেম্বল সেন্টার নির্মাণের স্থান প্রায় চূড়ান্ত পর্যায়ে। সাইট সিলেকশন চূড়ান্ত হওয়ার পর এ মাসেই MOU স্বাক্ষর করা হবে মর্মে জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৪.৪:** ৩০শে আগষ্ট,২০১৬ এর মধ্যে যাবতীয় টেন্ডার কাজ সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | ৩০শে আগষ্ট,২০১৬ এর মধ্যে যাবতীয় টেন্ডার কাজ সমাপ্তির প্রচেষ্টা অব্যাহত আছে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৪.৫:** দ্রুত পিএমসি সভার আয়োজন করে আরডিপিপি অনুযায়ী অব্যয়িত টাকা সম্পর্কে আলোচনা করতে হবে। | প্রকল্প পরিচালক পিজিবিআইএডিপি (ডিএএম অংগ) | গত ০৮-০৮-২০১৬ তারিখে পিএমসি সভায় আরডিপিপি অনুযায়ী অব্যয়িত টাকা সম্পর্কে আলোচনা হয়েছে। তদানুযায়ী কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ০৪। | **সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ) প্রকল্প** | **সিদ্ধান্ত-৩.৫.১:** প্রকল্পের আওতায় মৌলভী বাজার ও সুনামগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক দ্রুততম সময়ের মধ্যে MOU স্বাক্ষরের পদক্ষেপ নিতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | মৌলভী বাজার ও সুনামগঞ্জ জেলায় এসেম্বল সেন্টার নির্মাণের জন্য স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক MOU স্বাক্ষর করা হয়েছে মর্মে প্রকল্প দপ্তর হতে জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৫.২:** সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে প্রাপ্ত জায়গার বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | সিলেট জেলায় ০১টি অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টারের জন্য বিএডিসি হতে প্রাপ্ত জায়গার বিষয়ে গণপূর্ত অধিদপ্তরকে অর্পিত কাজ হিসেবে দায়িত্ব প্রদান করার জন্য পত্র দেওয়া হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৫.৩:** ৩০ আগষ্ট/১৬ এর মধ্যে যাবতীয় টেন্ডার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | যাবতীয় টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৫.৪:** প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী কার্যক্রম দ্রুত সম্পন্ন করার কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলের শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | প্রকল্পের সার্ভে ও ডকুমেন্টারী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। |
| ০৫। | **এনসিডিপি বাজারের হালনাগাদ পরিস্থিতি বিষয়ে** | **সিদ্ধান্ত-৩.৬.১:** সমাপ্ত এফএমজি কর্মসূচীর আওতায় যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছিল তার পূর্ণাঙ্গ ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিভাগীয় উপ-পরিচালক তদারকী করবেন এবং জেলা বাজার কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে লিংকেজ স্থাপন করবেন। | বিভাগীয় উপ- পরিচালক রাজশাহী। | সকল বিষয়ে নিয়মিত তদারকী করা হচ্ছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক, রাজশাহী জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৬.২:** বন্ধ এনসিডিপি মার্কেট সমূহ চালু করতে কি কি করণীয় তার সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণযোগ্য একটি পুর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত সময়ে পেশ করাতে হবে। এছাড়া যে মার্কেটগুলো আদৌ চালু হবেনা সে বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল ও এগুলো ব্যবহারের মোডালিটি নির্ধারণ | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী | এ বিষয়ে প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে জানিয়েছেন। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | করতে হবে। | | |
| | | **সিদ্ধান্ত-৩.৬.৩:** আংশিক চালু ০৬টি এনসিডিপি'র মার্কেট পূর্ণাঙ্গভাবে চালুকরণের জন্য আরো উদ্যোগ গ্রহণ এবং বন্ধ মার্কেট এর বিষয় কর্মপরিকল্পনা প্রেরণ করতে হবে। এছাড়া মাহিগঞ্জের এনসিডিপি মার্কেটের সমস্যা ও সমাধানের প্রয়োজনীয়তা নিরুপণ করে একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) ও বিভাগীয় উপ-পরিচালক রাজশাহী | আংশিক চালু বাজারসমূহ পূর্ণাঙ্গভাবে চালুকরণের বিষয়ে উদ্যোগ অব্যাহত আছে। বন্ধ বাজারসমূহের বিষয়ে কর্মপরিকল্পনা এবং মাহিগঞ্জ বাজার বিষয়ক প্রতিবেদন সম্পর্কে সভায় অবহিত করা হবে। |
| ০৬। | **"বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী** | **সিদ্ধান্ত-৩.৭.১:** নির্বাচিত ১০ টি উপ-জেলার যেসকল জমিতে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে উক্ত জায়গার মালিকদের সাথে এমওইউ কার্যক্রম সম্পন্ন করে দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | নির্বাচিত ১০টি উপজেলার যে ১০টি আলুর মডেল ঘর তৈরী করা হয়েছে উক্ত জায়গার মালিকের সাথে MOU কার্যক্রম সম্পন্ন করে ইতোমধ্যে ঢাকা প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছে। কিন্তু উক্ত MOU নীতি ও পরিকল্পনা শাখায় পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.২:** ২০১৬-১৭ অর্থবছরে মুন্সিগঞ্জ জেলায় ০৫টি এবং রংপুর ও রাজশাহী অঞ্চলে ১৫টি আলুর মডেল ঘর তৈরীর নিমিত্ত দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে কমর্সূচী পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৩:** কর্মসূচীর আওতায় যে কৃষক বিপণন দল ইতোমধ্যে গঠন করা হয়েছে ও ভবিষ্যতে হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | কর্মসূচীর আওতায় ইতোমধ্যে যে সব বিপণন দল গঠন করা হয়েছে এবং পরবর্তীতে যে সব দল গঠন করা হবে তার তথ্য পূর্বের প্রেরিত ছক মোতাবেক সদর দপ্তরে প্রেরণ করা হবে মর্মে কর্মসূচী পরিচালক জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৪:** যে সকল এলাকায় আলুর ঘর তৈরী করা হবে উক্ত ঘরের উদ্দেশ্য, লক্ষ্য ও উপকারিতা উল্লেখ্য পূর্বক একটি প্রদশর্নী বোর্ড লাগাতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | **সিদ্ধান্ত-৩.৭.৫:** আলুর ঘর ব্যবহারের নীতিমালা ও নির্দেশিকা প্রণয়ন পূর্বক আগষ্ট,২০১৬ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | নীতিমালা ও নির্দেশিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে অল্প সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৬:** কর্মসূচীর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন পূর্বক কর্মসূচীর অগ্রগতির প্রতিবেদন বাধ্যতামূলকভাবে প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে পেশ করতে হবে। | আহ্বায়ক, কর্মসূচী মনিটরিং টীম | প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হবে মর্মে জানিয়েছেন। কিন্তু গত মে, জুন ও জুলাই/১৬ মাসের প্রতিবেদন এখন পর্যন্ত পাওয়া যায়নি। |
| | | **সিদ্ধান্ত-৩.৭.৭:** কর্মসূচীর আওতায় টিওটি প্রশিক্ষণে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | কর্মসূচী পরিচালক বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী | ২০১৬-২০১৭ অর্থবছরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে স্থানীয় ব্যবসায়ী এবং গৃহিণীদের অংশ গ্রহণে টিওটি প্রশিক্ষণের আয়োজন করা হবে। |
| ০৭। | **দরপত্র অগ্রগতি** | **সিদ্ধান্ত-৩.৮.১:** অর্থ বছরের (২০১৫-১৬) কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য সামগ্রী বুঝে নেয়ার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, ২০১৫-১৬ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য সামগ্রী বুঝে নেয়া হয়েছে এবং মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জানান যে, ২০১৫-১৬ অর্থবছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল প্রকল্পে দরপত্রের কার্যাদেশ অনুযায়ী পণ্য সামগ্রী বুঝে নেয়ার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৩.৮.২:** ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের সময় গণপুর্ত অধিদপ্তর কে টেন্ডার কাজটি ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | ২০১৬-১৭ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র বিশেষ করে নির্মাণ কাজের দরপত্র ই-টেন্ডারিং এর অন্তর্ভুক্ত করার জন্য এলজিইডিকে জানানো হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৮.৩:** সচিব কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক সকল প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে এবং মুজিবনগর |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | | | সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জানান যে, সচিব কমিটির সভায় সিদ্ধান্ত মোতাবেক ই-টেন্ডারিং কার্যক্রম ডিসেম্বর,২০১৬ এর মধ্যে ই-সেবার আওতায় আনার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে। |
| | | **সিদ্ধান্ত-৩.৮.৪:** ২০১৬-১৭ অর্থ বছরের সকল টেন্ডার বিজ্ঞপ্তি ৩০ আগষ্ট, ২০১৬ মাসের মধ্যে আহ্বান করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, ২০১৬-১৭ অর্থ বছরের সকল টেন্ডার বিজ্ঞপ্তি ২০ আগষ্ট, ২০১৬ মাসের মধ্যে আহ্বান সম্পন্ন করার প্রচেষ্টা নেয়া হচ্ছে এবং মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জানান যে, ২০১৬-১৭ অর্থ বছরের সকল টেন্ডার বিজ্ঞপ্তি ২০ আগষ্ট, ২০১৬ মাসের মধ্যে আহ্বান করা হবে। |
| ০৮। | **বিবিধ** | **সিদ্ধান্ত-৪.১:** সমাপ্ত প্রকল্প/কর্মসূচীর আওতায় যে সকল স্থাপনা নির্মাণ, পণ্য সংগ্রহ সংস্কার মূলক কার্যক্রম গ্রহণ ও কৃষক বিপণন দল গঠণ করা হয়েছে তার পুর্ণাঙ্গ ব্যবহার ও তদারকী নিশ্চিত করতে হবে । | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সকল প্রকল্প পরিচালক | নির্দেশনাটি বাস্তবায়নের জন্য জেলা বাজার কর্মকর্তা, খুলনাকে অনুরোধ করা হয়েছে মর্মে বিভাগীয় উপ-পরিচালক, খুলনা জানিয়েছেন। |
| | | **সিদ্ধান্ত- ৪.২:** যে সকল প্রকল্প ও কর্মসূচী হতে গঠিত কৃষক বিপণন দল/কৃষক দল এর তথ্য পাওয়া যায়নি তাদেরকে সংশ্লিষ্ট তথ্য দ্রুত সময়ের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, গঠিত ২৭০টি কৃষক দলের তালিকা তথ্য সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জানান যে, অত্র কার্যালয় হতে ইতোপূর্বে ২২৭টি কৃষক দলের তালিকা সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৩৩টি কৃষক দলের তালিকা দ্রুত সদর দপ্তরে প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, প্রকল্পের ডিপিপিতে মোট ২০০ টি কৃষকদল গঠনের সংস্থান আছে। |
| | | **সিদ্ধান্ত-৪.৩:** সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত আকারে আগষ্ট/১৬-এর ২য় সপ্তাহের | সকল প্রকল্প পরিচালক/কর্মসূচী পরিচালক | যথারীতি ব্যবস্থা গ্রহণ করা হবে। |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচী | গত সভায় গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|---|---|
| | | মধ্যে মহাপরিচালক বরাবর পেশ করতে হবে। | | |
| | | **সিদ্ধান্ত-৪.৪:** এছাড়া গত এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৬-১৭ অর্থবছর হতে প্রতিটি প্রকল্পের কর্ম পরিকল্পনা সিপিএম মেথডে প্রণয়ন করতে হবে। | সকল প্রকল্প/ কর্মসূচী পরিচালক | পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, প্রতিটি প্রকল্পের কর্ম পরিকল্পনা সিপিএম মেথডে প্রণয়ন করে প্রেরণ করা হয়েছে এবং মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক জানান যে, গত এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক চলতি অর্থবছরে প্রকল্পের কর্মপরিকল্পনা সিপিএম মেথডে প্রণয়ন করা হয়েছে এবং ইতোমধ্যে মহাপরিচালক বরাবর জমা দেওয়া হয়েছে। |
| | | **সিদ্ধান্ত-৪.৫:** আঞ্চলিক ট্রেনিং সেন্টার এর মেশিনারী গুলো চালু এবং ব্যবহার বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রনয়ণপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদর দপ্তরে দাখিল করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক ও সহকারী পরিচালক (প্রশাঃ) | কার্যক্রম অব্যাহত আছে। |

৪। **আলোচ্য সূচী-৪ বিবিধঃ**

৪.১: প্রকল্প/কর্মসূচী পরিচালকগণের প্রস্তাবমতে।

মহাপরিচালকের পক্ষে,

২২/৮/১৬

(আনারুল কবির)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২